

## ভিকারুননিসায় অধ্যক্ষ নিয়োগ কেন আইনবহির্ভূত হবে না : হাইকোর্ট

নিজস্ব প্রতিবেদক

১৮ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৮ সেপ্টেম্বর ২০১৯ ০০:২০



দৈনিক  
**আমাদের সময়**

রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যাড  
কলেজের অধ্যক্ষ হিসেবে ফওজিয়া  
রেজওয়ানের নিয়োগ চ্যালেঞ্জ করে  
দায়ের করা রিট আবেদনের প্রাথমিক  
শুনানি করে রুল জারি করেছেন  
হাইকোর্ট। রুলে ফওজিয়া রেজওয়ানের

advertisement

নিয়োগ কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ঘোষণা করা হবে না, তা জানতে চাওয়া হয়েছে। গতকাল মঙ্গলবার বিচারপতি এম ইনায়েতুর রহিম ও বিচারপতি মো. খায়রুল আলমের বেঞ্চ এ  
রুল জারি করেন। তবে কাজে যোগদানের বিষয়ে কোনো নিষেধাজ্ঞা না থাকায় ফওজিয়া রেজওয়ান দায়িত্ব নিতে পারবেন বলে

জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম।

ঢাকার সবুজবাগ সরকারি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনরত মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা ফওজিয়া রেজওয়ানকে গত ১৫ সেপ্টেম্বর ভিকারুননিসার অধ্যক্ষ হিসেবে নিয়োগ দেয় সরকার। তবে এ নিয়োগ স্থগিত চেয়ে গত ১৬ সেপ্টেম্বর রিট করেন ভিকারুননিসার গভর্নিং বডি'র সাবেক সদস্য ও সুপ্রিমকোর্টের আইনজীবী ইউনুছ আলী আকন্দ। ওইদিন এ রিটের ওপর শুনানি নিয়ে গতকাল পর্যন্ত আদালতের আদেশ না হওয়া অবধি ফওজিয়া রেজওয়ানকে ভিকারুননিসায় যোগদানে বিরত থাকতে নির্দেশ দিয়েছিলেন হাইকোর্ট।

গতকাল শুনানিকালে অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম আদালতে বলেন, স্কুল-কলেজের শিক্ষকদের বেতনসহ সব কিছুই সরকার থেকে দেওয়া হয়। অথচ গভর্নিং বডি মাঝখানে এসে মাতুব্বরি করছে। শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি বাণিজ্য ও অরাজকতার সৃষ্টি হচ্ছে। উত্তরে আদালত বলেন, বেসরকারি প্রতিষ্ঠানে এভাবে যদি নিয়োগ দেওয়া হয় তবে অরাজকতার সৃষ্টি হতে পারে। সরকার যদি এ রকম নিয়োগ দিতে চায়, তবে নীতিমালা করে নিলেই তো পারে। তা হলে তো আর কোনো সমস্যা থাকে না।

জবাবে অ্যাটর্নি জেনারেল বলেন, এ প্রতিষ্ঠানটিতে যত অধ্যক্ষ নিয়োগ দেওয়া হয়েছে, তার প্রায় সবাই ছিলেন ভারপ্রাপ্ত। সরকার অরাজকতা থেকে শিক্ষা প্রতিষ্ঠানটিকে বাঁচাতেই এ নিয়োগ দিয়েছে। এটাই সরকারের উদ্দেশ্য। এ সময় আদালত বলেন, সরকারের যে উদ্দেশ্যই থাকুক না কেন সেটা আইন অনুযায়ী হচ্ছে কিনা, সেটাই দেখার বিষয়। এ কারণেই রুল জারি করা হচ্ছে।

কাজে যোগ দিলেন ভিকারুননিসার নতুন অধ্যক্ষ

আদালতের নিষেধাজ্ঞা না থাকায় গতকাল দুপুরে আনুষ্ঠানিকভাবে কাজে যোগ দিয়েছেন ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের নতুন অধ্যক্ষ ফওজিয়া রেজওয়ান। প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদের আহ্বায়ক কমিটির সভাপতির উপস্থিতিতে তাকে দায়িত্ব বুঝিয়ে দেওয়া হয়।

শিক্ষকরা জানিয়েছেন, গতকাল দুপুরে পরিচালনা পর্ষদের আহ্বায়ক কমিটির সভাপতি নাজমুল হকের সঙ্গে নতুন অধ্যক্ষ ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের মূল শাখা বেইলি রোডের ক্যাম্পাসে যান। দায়িত্ব বুঝে নেওয়ার পর চেয়ারম্যানসহ ভিকারুননিসার সব শাখা প্রধানদের সঙ্গে বৈঠক করেন অধ্যক্ষ।